


দুবাইয়ে হচ্ছে বিশ্বের প্রথম 'স্বর্ণের রাজ্য'

- A Monitor Desk Report

Date: 28 January, 2026



ঢাকাঃ বিশ্বে প্রথমবারের মতো সোনায় মোড়ানো সড়ক নির্মিত হতে যাচ্ছে সংযুক্ত আরব আমিরাতে।

দুবাই মিডিয়া অফিস মঙ্গলবার (২৭ জানুয়ারি) জানিয়েছে দুবাইয়ের গোল্ড ডিস্ট্রিক্ট—এ 'গোল্ড স্ট্রিট' নামের এই সড়ক নির্মিত হবে।

'গোল্ড ডিস্ট্রিক্ট'—এর উদ্বোধনের পর আনুষ্ঠানিকভাবে এ ঘোষণা দেয় দুবাইয়ের অন্যতম আবাসন কোম্পানি ইথরা। সড়কের বিষয়ে বিস্তারিত তথ্য ধাপে ধাপে জানানো হবে।

সংযুক্ত আরব আমিরাত বিশ্বের অন্যতম শীর্ষ স্বর্ণ রপ্তানিকারক দেশ। ২০২৪ থেকে ২০২৫ সালের মধ্যে দেশটি প্রায় ৫ হাজার ৩৪১ কোটি ডলারের স্বর্ণ রপ্তানি করেছে। সুইজারল্যান্ড, যুক্তরাজ্য, ভারত, হংকং ও তুরস্ক দেশটির বড় বাণিজ্যিক অংশীদার। দেশটি বিশ্বের দ্বিতীয় বৃহত্তম স্বর্ণের বাজার।

সোনার বাজারে আধিপত্য বজায় রাখার অংশ হিসেবে এবার দুবাইতে 'গোল্ড ডিস্ট্রিক্ট' হচ্ছে। এটিকে আরব আমিরাতের নতুন 'হোম অব গোল্ড' বলা হচ্ছে। এখানে সোনা ও গয়নার সঙ্গে সম্পর্কিত সব ধরনের ব্যবসা ও কার্যক্রম এক ছাতার নিচে পাওয়া যাবে।

দুবাই গোল্ড ডিস্ট্রিক্টে পাইকারি ও খুচরা বিক্রি, বুলিয়ন মার্কেট (স্বর্ণ, বুপা ও প্লাটিনামের মতো মূল্যবান ধাতুর বাজার) ও বিনিয়োগস্বর্ধ ধরনের সুবিধা পাওয়া যাবে। ক্রেতাদের কেনাকাটার স্বার্থে সেখানে এক হাজারের বেশি খুচরা দোকান থাকবে। এসব দোকানে সুগন্ধি, প্রসাধনী, সোনা এবং জীবব্যাপনের বিভিন্ন অনুষঙ্গ পাওয়া যাবে।

ইতিমধ্যে সেখানে জাওহারা জুয়েলারি, মালবার গোল্ড অ্যান্ড ডায়মন্ডস, আল-রোমাইজান এবং তানিশক জুয়েলারির মতো বিখ্যাত ব্র্যান্ডগুলোর শোরুম রয়েছে।

সুপরিচিত গয়নার ব্র্যান্ড জয়—আলুকাস ২৪ হাজার বর্গফুটের বৃহৎ একটি শোরুম স্থাপনের পরিকল্পনার কথা জানিয়েছে। এটি হবে মধ্যপ্রাচ্যের সবচেয়ে বড় গয়নার শোরুম।

-B